

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৯৭৪

৩০/ কলহ-বিপর্যয় - ফিতনা (كتاب الفتن)

পরিচ্ছেদঃ ৩০/১২. কলহ-বিপর্যয় চলাকালে রসনা সংযত রাখা

بَابِ كَفِّ اللِّسَانِ فِي الْفِتْنَةِ

আরবী

حَدَّقَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّقَنَا مُحَمَّدُ بْنُ يَزِيدَ بْنِ خُنَيْسٍ الْمَكِّيُّ، قَالَ سَمِعْتُ سَعِيدَ بْنَ حَسَّانَ الْمَخْزُومِيَّ، قَالَ حَدَّثَتْنِي أُمُّ صَالِحٍ، عَنْ صَغِيَّةَ بِنْتِ شَيْبَةَ، عَنْ أُمِّ حَبِيبَةَ، زَوْجِ النَّبِيِّ - صلى الله عليه وسلم - قَالَ " كَلاَمُ ابْنِ آدَمَ النَّبِيِّ - صلى الله عليه وسلم - قَالَ " كَلاَمُ ابْنِ آدَمَ عَلَيْهِ لاَ لَهُ إِلاَّ الأَمْنَ بِالْمَعْرُوفِ وَالنَّهْىَ عَنِ الْمُنْكَرِ وَذِكْرَ اللَّهِ عَنَّ وَجَلَّ " .

বাংলা

৮/৩৯৭৪। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর স্ত্রী উম্মু হাবীবা (রাঃ) থেকে বর্ণিত। নবী রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ সৎ কাজের আদেশ, অসৎ কাজের নিষেধ এবং মহান আল্লাহর যিনিক ব্যতীত মানুষের প্রতিটি কথা তার জন্য ক্ষতির কারণ হবে।

English

It was narrated from Umm Habibah, the wife of the Prophet (ﷺ), that the Prophet (ﷺ) said:

"The words of the son of Adam count against him, not for him, except what is good and forbidding what is evil, and remembering Allah."

ফুটনোট

তিরমিয়ী ২৪১২, আত-তালীকুর রাগীব ৪/১০। উক্ত হাদিসের রাবী মুহাম্মাদ বিন ইয়াযীদ খুনায়স আল-মাক্কী সম্পর্কে আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি মানুষের নিকট খুব ভালো ছিলেন তবে তিনি হাদিস বর্ণনায় কখনো কখনো ভুল করতেন। আহমাদ বিন সালিহ আল-জায়লী বলেন, তিনি সিকাহ। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাকবুল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫৬৯৮, ২৭/১৫ নং পৃষ্ঠা) ২. সাঈদ বিন হাসসান আল-



মাখযুমী সম্পর্কে আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী ও আহমাদ বিন সালিহ আল-জায়লী বলেন, তিনি সিকাহ। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। মুহাম্মাদ বিন সা'দ বলেন, তিনি সিকাহ। তাহরীরু তাকরীবুত তাহযীব এর লেখক বলেন, তার মাঝে জারাহ আছে কিনা তা আমার জানা নেই। ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি সিকাহ। (তাহযীবুল কামালঃ রাবী নং ২২৫০, ১০/৩৮৪ নং পৃষ্ঠা) ৩. উম্মু সালিহ সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তার অবস্থা সম্পর্কে কিছু জানা যায়না। (তাহযীবুল কামালঃ রাবী নং ৭৯৮৬, ৩৫/৩৬৮ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন